মধ্যপ্রাচ্যে ঈদের সম্ভাব্য দিন জানালেন জ্যোতির্বিজ্ঞানীরা



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের দেশগুলোতে চলতি বছরের পবিত্র ঈদুল ফিতর কবে উদযাপিত হতে পারে—এ নিয়ে জ্যোতির্বিজ্ঞানীরা সম্ভাব্য সময়সূচি প্রকাশ করেছেন। তাদের হিসাব অনুযায়ী, এবার রমজান মাস ৩০ দিন পূর্ণ হওয়ার সম্ভাবনাই বেশি। সে হিসেবে আগামী শুক্রবার, ২০ মার্চ ঈদুল ফিতর উদযাপিত হতে পারে।

এমিরেটস অ্যাস্ট্রোনমি সোসাইটি-এর চেয়ারম্যান ইব্রাহিম আল জারওয়ান জানিয়েছেন, রমজানের ২৯তম দিনে আকাশে নতুন চাঁদ দেখার সম্ভাবনা খুবই কম। ফলে অধিকাংশ আরব দেশে রমজান ৩০ দিন পূর্ণ হওয়ার পরদিন ঈদ পালিত হতে পারে।

একই পূর্বাভাস দিয়েছে শারজাহ অ্যাকাডেমি ফর অ্যাস্ট্রোনমি, স্পেস সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর জ্যোতির্বৈজ্ঞানিক পর্যবেক্ষণ কেন্দ্র। তাদের গণনায় দেখা গেছে, হিজরি ১৪৪৭ সনের রমজান ৩০ দিনে পূর্ণ হবে এবং ২০ মার্চ শাওয়াল মাসের প্রথম দিন হিসেবে গণ্য হতে পারে।

জ্যোতির্বিজ্ঞানীরা জানান, ১৮ মার্চ সূর্যাস্তের আগেই চাঁদ অস্ত যাবে। ফলে সেদিন চাঁদ দেখা সম্ভব হবে না। ১৯ মার্চ ভোরে নতুন চাঁদের জ্যোতির্বৈজ্ঞানিক সংযোগ ঘটলেও সূর্যাস্তের সময় চাঁদের অবস্থান এমন থাকবে, যা খালি চোখে দেখা প্রায় অসম্ভব। এমনকি দূরবীক্ষণ যন্ত্র ব্যবহার করেও চাঁদ দেখা কঠিন হতে পারে।

তবে উন্নত প্রযুক্তির সহায়তায় চাঁদের ছবি ধারণ করা সম্ভব হলেও তা সাধারণভাবে দৃশ্যমান নাও হতে পারে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

এসব পর্যবেক্ষণ ও হিসাবের ভিত্তিতে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতারসহ মধ্যপ্রাচ্যের অধিকাংশ দেশে ২০ মার্চ ঈদুল ফিতর উদযাপিত হওয়ার সম্ভাবনাই বেশি বলে মনে করছেন জ্যোতির্বিজ্ঞানীরা।